বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ

রেজিস্ট্রার, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ
এবং
সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

০১ জুলাই ২০১৬ - ৩০ জুন ২০১৭

সূচিপত্র

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কর্মসম্পাদনের সার্বিক চিত্র... ৩

উপক্রমণিকা... ৮

সেকশন-১ ঃ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি..৯

সেকশন-২ ঃ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা, প্রশিক্ষণ ও সম্প্রসারণ কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)...১৩

সেকশন-৩ ঃ কৌশলগত উদ্দেশ্যসমূহ, কার্যাবলি ও কর্মকৃতির নির্দেশকসমূহ এবং লক্ষ্যমাত্রাসমূহ...........১৪

সংযোজনী-১ ঃ অ্যাক্রোনিম-এর তালিকা...১৬

সংযোজনী -২ঃ কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ..১৭

সংযোজনী ৩ ঃ অন্য মন্ত্রণালয়/ বিভাগের নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ.................................১৮

দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ ১৯

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of the Bangladesh Agricultural University)

প্রতিষ্ঠার প্রেক্ষিত, অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

জাতীয় শিক্ষা কমিশন, খাদ্য ও কৃষি কমিশন এবং অপরাপর বিশেষজ্ঞ কমিটির সুপারিশ অনুযায়ী দেশে উচ্চতর কৃষিশিক্ষা ও গবেষণার ক্ষেত্রে প্রথম ও প্রধান সরকারি বিশ্ববিদ্যালয় হিসেবে ১৯৬১ সনের ১৮ই আগস্ট "পূর্ব পাকিস্তান কৃষি বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ" বলে ময়মনসিংহে প্রতিষ্ঠিত হয় পূর্ব পাকিস্তান কৃষি বিশ্ববিদ্যালয়। পরবর্তীকালে ১৯৭২ সনে "অ্যাডাপটেশন অভ্ ইউনিভার্সিটি ল'জ" অধ্যাদেশ বলে এর নামকরণ হয় **বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়**। উন্নত মানসম্মত উচ্চতর কৃষিশিক্ষা ও গবেষণা ব্যবস্থা নিশ্চয়তা বিধানের মাধ্যমে দেশের কৃষি উন্নয়নের গুরুদায়িত্ব বহনে সমর্থ তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞানসম্পন্ন দক্ষ কৃষিবিদ, কৃষিবিজ্ঞানী ও প্রযুক্তিবিদ তৈরি ও সরবরাহ করাই এই বিশ্ববিদ্যালয়ের অন্যতম প্রধান দায়িত্ব। এটি মূলত একটি আবাসিক বিশ্ববিদ্যালয় এবং কৃষি ও সংশ্লিষ্ট সকল বিজ্ঞানের শাখায় শিক্ষাদান, পরীক্ষা পরিচালনা, ডিগ্রী প্রদান ও অধিভুক্তি প্রদানের জন্য ক্ষমতাপ্রাপ্ত প্রতিষ্ঠান।

ময়মনসিংহ শহর থেকে ৫ কিলোমিটার দক্ষিণে পুরাতন ব্রহ্মপুত্র নদের পশ্চিম প্রান্তে চিরসবুজে ঘেরা গ্রামীণ পরিমণ্ডলে ৪৮৫ হেক্টর পরিমিত এলাকা নিয়ে গড়ে উঠেছে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস। এখানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদীয় ভবন, প্রশাসন ভবন ও আবাসিক ভবন ছাড়াও দুষ্প্রাপ্য উদ্ভিদসম্ভারে সমৃদ্ধ বোটানিক্যাল গার্ডেন, জার্মপ্লাজম সেন্টার, খামারসমূহ, ফিল্ড ল্যাব, ক্লিনিক, ওয়ার্কশপ, কৃষি মিউজিয়াম ও মৎস্য মিউজিয়াম রয়েছে। এছাড়া, দেশের দুটি গুরুত্বপূর্ণ জাতীয় গবেষণা প্রতিষ্ঠান- বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (BINA) এবং বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট (BFRI) এই ক্যাম্পাসেই অবস্থিত।

বিশ্ববিদ্যালয়ের বিপুল ও ক্রমবর্ধমান কর্মকাণ্ড পরিকল্পিতভাবে পরিচালনার জন্য এই ক্যাম্পাসে প্রয়োজনীয় ভৌত অবকাঠামো গড়ে উঠেছে। এগুলোর মাঝে রয়েছে ঃ দুটি প্রশাসন ভবন, ছয়টি অনুষদীয় ভবন, ছাত্র-শিক্ষক কেন্দ্র কমপ্লেক্স, জিটিআই ভবন, সম্প্রসারণ ভবন, ছাত্রদের জন্য নয়টি এবং ছাত্রীদের জন্য চারটি আবাসিক হল, কেন্দ্রীয় লাইব্রেরি ভবন, কেন্দ্রীয় গবেষণাগার, আধুনিক সুযোগ-সুবিধা সংবলিত শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তন, সৈয়দ নজরুল ইসলাম মিলনায়তন, জিমন্যাসিয়াম, স্টেডিয়াম, স্বাস্থ্য কেন্দ্র, পক্ষাঘাতগ্রস্তদের পুর্নবাসন কেন্দ্র (CRP), প্রকৌশল ভবন, অতিথি ভবন, ক্লাব ভবন, ৬৫৭টি আবাসিক ইউনিট এবং উল্লেখযোগ্য সংখ্যক অফিস ও অন্যান্য ভবনাদি।

একাত্তরের গণঅসহযোগ ও মুক্তিযুদ্ধের দিনগুলোতে এ বিশ্ববিদ্যালয়ের ছাত্রশিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ হানাদার বাহিনী ও তার এদেশীয় দোসরদের সকল ষড়যন্ত্র, ধ্বংসলীলা ও গণহত্যার বিরুদ্ধে গড়ে তুলেছিলেন প্রবল প্রতিবাদ ও প্রতিরোধ। একাত্তরের ছাব্বিশে মার্চে বিশ্ববিদ্যালয় সমাজ মুক্তিযুদ্ধের সপক্ষে তার সুদৃঢ় প্রত্যয় ব্যক্ত করে এবং বিশ্ববিদ্যালয়ের বিপুল সংখ্যক ছাত্রশিক্ষক, কর্মকর্তা-কর্মচারী মহান মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়েন। এ বিশ্ববিদ্যালয় হারায় ১৯ জন অকুতোভয় বীর সন্তানকে যাঁরা দেশের জন্য উৎসর্গ করেছেন তাঁদের আপন জীবন। এই চিরঞ্জীব শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা ও কৃতজ্ঞতার স্মারক হিসেবে বিশ্ববিদ্যালয়ে মুক্তিযোদ্ধা স্মৃতিস্তম্ভ, বিজয় '৭১

ভাস্কর্য নির্মাণসহ তিনজন শহীদ বীর মুক্তিযোদ্ধা ছাত্রের নামে তিনটি আবাসিক হলের নামকরণ ও বধ্যভূমিতে একটি স্মৃতিস্তম্ভ নির্মিত হয়েছে।

কৃষিপ্রধান বাংলাদেশকে সোনার বাংলায় রূপান্তরে অগ্রসেনানীর ভূমিকা পালনে আহ্বান জানিয়ে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এই বিশ্ববিদ্যালয়ে ১৯৭৩ সনের ১৩ ফেব্রুয়ারিতে আয়োজিত এক সংবর্ধনা অনুষ্ঠানে প্রকৌশলী ও চিকিৎসকদের ন্যায় কৃষিবিদদের প্রথম শ্রেণীর মর্যাদায় উন্নীত করার ঘোষণা দেন। বঙ্গবন্ধু'র সেই ঐতিহাসিক ঘোষণাস্থলে নির্মিত হয়েছে 'বঙ্গবন্ধু স্মৃতি চত্বর'।

বর্তমানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা কার্যক্রম ছয়টি অনুষদের আওতায় ৪৩টি শিক্ষা বিভাগ এবং ২টি ইনস্টিটিউটের তত্ত্বাবধানে পরিচালিত হয়ে থাকে। বিশ্ববিদ্যালয়ে কোর্স-ক্রেডিট-সেমিস্টার ভিত্তিক স্নাতক পর্যায়ে ডি.ভি.এম., বি.এসসি.এজি (অনার্স), বি.এসসি.এ.এইচ.(অনার্স), বি.এসসি.এজি.ইকন (অনার্স), বি.এসসি.এগ্রি.ইঞ্জি. ও বি.এসসি.ফুড.ইঞ্জি, এবং বি.এসসি.ফিশারিজ (অনার্স) ডিগ্রী প্রদান করা হয়। **স্নাতকোত্তর পর্যায়ে** মোট ৪০টি শিক্ষা বিভাগ ও ৩টি ইনস্টিটিউটের মাধ্যমে একটানা তিন সেমিস্টারে বিন্যস্ত কোর্স-ক্রেডিট ও গবেষণা ভিত্তিক এম.এস. ডিগ্রী কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। বিশ্ববিদ্যালয়ের ৩৮টি বিভাগ হতে পিএইচডি ডিগ্রী প্রদান করা হয়ে থাকে। **ডক্টরেট কার্যক্রম** পূর্ণকালীন তিন বছর মেয়াদি যার মধ্যে টানা দু'বছর বিশ্ববিদ্যালয়ে অবস্থান শিক্ষার্থী-গবেষকের জন্য আবশ্যক। বর্তমানে এই বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত জামালপুর জেলার মেলান্দহে অবস্থিত শেখ ফজিলাতুন্নেছা মুজিব ফিশারিজ কলেজ রয়েছে।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের বর্তমান শিক্ষক সংখ্যা ৫৫৭, এঁদের মধ্যে ৩১৫ জন প্রফেসর, ৭১ জন সহযোগী প্রফেসর, এবং ১২১ ও ৫০ জন যথাক্রমে সহকারী প্রফেসর ও লেকচারার। মোট শিক্ষকের দুই তৃতীয়াংশই উচ্চতর প্রশিক্ষণপ্রাপ্ত, এদের মধ্যে ৩৭২ জন পিএইচ.ডি. ডিগ্রীধারী। এযাবৎ বিশ্ববিদ্যালয় থেকে ২৬,২৬৯ জন স্নাতক, ১৬,৯৪৪ জন স্নাতকোত্তর এবং ৫৯৬ জন পিএইচ.ডি ডিগ্রী লাভ করেছেন।

বিশ্ববিদ্যালয়ের প্রকল্প গবেষণা কার্যক্রম পরিচালিত হয়ে থাকে বাউরেস-এর তত্ত্বাবধানে। ১৯৮৪ সালে প্রতিষ্ঠার পর হতে বাউরেস-এর ব্যবস্থাপনায় প্রায় ১২০০টি গবেষণা প্রকল্প সমাপ্ত হয় এবং এগুলোর মাধ্যমে উন্নত জাত, উৎপাদন ব্যবস্থাপনা, কৃষি যান্ত্রীকায়ন সংশ্লিষ্ট প্রায় এক হাজার নতুন প্রযুক্তি উদ্ভাবিত হয়েছে, যার উল্লেখযোগ্য অংশ বিভিন্ন সময়ে মাঠ পর্যায়ে অবমুক্ত হয়। জাতীয় চাহিদার আলোকে গৃহীত এই প্রকল্পগুলো বিশ্ববিদ্যালয় ছাড়াও জাতীয় ও আন্তর্জাতিক অর্থানুকূল্যে পরিচালিত হয়ে থাকে।

গ্র্যাজুয়েট ট্রেনিং ইনস্টিটিউট এর মাধ্যমে ফাউন্ডেশন প্রশিক্ষণসহ বিজ্ঞান ও প্রযুক্তির বিভিন্ন বিষয় নিয়ে নিয়মিতভাবে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। বাকৃবি সম্প্রসারণ কেন্দ্রের তত্ত্বাবধানে সম্প্রসারণ ও প্রযুক্তি হস্তান্তর বিষয়ে মাঠকর্মী ও আদর্শ চাষীদের হাতেকলমে প্রশিক্ষণ দেয়া হয়। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদ, ইনস্টিটিউট, সেন্টার, বিভাগ, ব্যুরো ও প্রকল্পের ব্যবস্থাপনাতেও বিভিন্ন ধরনের স্বল্পমেয়াদি প্রশিক্ষণ দেয়া হয়ে থাকে।

সাম্প্রতিক অর্জনসমূহ

বিশ্ববিদ্যালয়ে শিক্ষার গুণগতমান উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন বিষয়ের কোর্স-কারিকুলা ও সিলেবাসের আধুনিকায়ন, ইন্টার-ডিসিপ্লিনারি সেন্টার ফর ফুড সিকিউরিটি (আইসিএফ) ও ইনস্টিটিউট অভ্ এগ্রিবিজনেস অ্যান্ড ডেভেলপমেন্ট স্টাডিজ (আইএডিএস) এর মাধ্যমে এমএস ডিগ্রী কোর্স প্রদান, ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুইরেন্স সেল (আইকিউএসি) এর মাধ্যমে শিক্ষা ও গবেষণার মান উন্নয়ন নিশ্চিতকরণ, এবং আইসিটি সেল প্রতিষ্ঠার মাধ্যমে বিশ্ববিদ্যালয় চত্বরে নিরবচ্ছিন্ন ইন্টারনেট সুবিধা প্রদানের ব্যবস্থা নেয়া হয়েছে। এছাড়া, হাওর কৃষি গবেষণা ও চর উন্নয়ন ইনস্টিটিউট (HARDI) স্থাপনের প্রাথমিক উদ্যোগ গৃহীত হয়েছে। অবকাঠামোগত দিক থেকে বেগম রোকেয়া হল নামে একটি নতুন ছাত্রী হল নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন হওয়ার পথে। এছাড়া বিশ্ববিদ্যালয়ের জন্য ঢাকায় স্থায়ীভাবে ইনফরমেশন সেন্টার-কাম-অতিথি ভবনের জন্য একটি ফ্ল্যাট ক্রয়ের ব্যবস্থাও প্রক্রিয়াধীন রয়েছে।

এ বিশ্ববিদ্যালয় ইউজিসি'র বিডিরেন বা বাংলাদেশ গবেষণা ও শিক্ষা নেটওয়ার্কের সাথে সংযুক্ত। বিশ্ববিদ্যালয়ের সার্বিক আপডেট তথ্যাবলি HEMIS বা Higher Education Management Information System এর আওতায় নিয়মিতভাবে বিনিময় করা হচ্ছে। HEQEP-AIF উপ-প্রকল্পগুলোর মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ শিক্ষা ও প্রশাসনিক কার্যক্রমকে ই-ব্যবস্থাপনার আওতায় নিয়ে আসার কাজ ইতোমধ্যে শুরু হয়েছে। বিশ্ববিদ্যালয়ের জন্য একটি ডিজিটাল মাস্টার প্ল্যান তৈরির উদ্যোগও গ্রহণ করা হয়েছে।

বিশ্ববিদ্যালয় কর্তৃক অতি সাম্প্রতিককালে উদ্ভাবিত তিনটি প্রযুক্তি প্যাটেন্ট এর জন্য জাতীয় পর্যায়ে অনুমোদনের অপেক্ষায় রয়েছে।

কৃষি প্রযুক্তি উদ্ভাবন ও হস্তান্তরের ক্ষেত্রেও বিশ্ববিদ্যালয় বিভিন্ন সময়ে উল্লেখযোগ্য সংখ্যক জাতীয় ও আন্তর্জাতিক পুরস্কার ও পদক লাভের গৌরব অর্জন করেন। এধরনের পুরস্কার ও পদকের মাঝে রাষ্টপতি ও বঙ্গবন্ধু জাতীয় কৃষি স্বর্ণপদক, মার্কেন্টাইল ব্যাংক স্বর্ণ পদক, বেগম জেবুন্নেসা-মাহবুবউল্লাহ্ ট্রাস্টের স্বর্ণপদক অন্যতম। অতি সাম্প্রতিককালে বিশ্ববিদ্যালয় জার্মপ্লাজম সেন্টারের মাধ্যমে কৃষি গবেষণায় 'বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার-১৪১৯' স্বর্ণ পদক লাভের গৌরব অর্জন করে। তাছাড়া বাংলাদেশ ছাত্র কল্যাণ ট্রাস্ট এর পক্ষ থেকে এ বিশ্ববিদ্যালয়কে বিশ্বশান্তির জন্য শিক্ষা পুরস্কার প্রদান করা হয়।

সমস্যা, চ্যালেঞ্জসমূহ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত উদ্যোগসমূহ পরিকল্পিতভাবে বাস্তবায়নের জন্য প্রয়োজন সংশ্লিষ্ট সকল মহলের ঐকান্তিক সহযোগিতা, সদিচ্ছা ও সমর্থন। মেরিন ফিশারিজ বিষয়ে শিক্ষা ও গবেষণা সুবিধা গড়ে তোলার উপযোগী প্রয়োজনীয় অবকাঠামোর অভাব রয়েছে। এক্ষেত্রে একদিকে যেমন দক্ষ জনবলের অভাব রয়েছে, তেমনি অপরদিকে এর অনুকূলে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের পূর্বাহ্ণ অনুমোদন প্রয়োজন হবে। এছাড়া বিশ্ববিদ্যালয়ের সিলেবাসে মুক্তিযুদ্ধের ইতিহাস ও বাংলাদেশ স্টাডিজ কোর্স দুটি অন্তর্ভুক্তির জন্যও প্রয়োজনীয় জনবল ও অবকাঠামোগত সুবিধার ক্ষেত্রে ঘাটতি বিদ্যমান। বিশ্ববিদ্যালয়ে আনুপাতিক হারে ছাত্রী সংখ্যা বৃদ্ধি পাওয়ার ফলে যে আবাসিক সংকট সৃষ্ট হয়েছে, তা আশু নিরসনের ব্যবস্থা নেয়া প্রয়োজন। এছাড়া, বর্ধিত

জনসংখ্যার খাদ্য ও পুষ্টির নিরাপত্তা বিধানের স্বার্থে সামনের দিনগুলোতে বিশ্ববিদ্যালয়ের গবেষণায় গতি সঞ্চারের লক্ষ্যে গবেষণা খাতে আশু অধিকতর অর্থায়ন সুবিধা বৃদ্ধি করা দরকার। এ ব্যাপারে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ও শিক্ষা মন্ত্রণালয়ের সহযোগিতা একান্তভাবে কাম্য।

২০১৬-২০১৭ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জন

১. বাংলাদেশের কৃষি উন্নয়ন প্রক্রিয়ায় বলিষ্ঠ নেতৃত্ব দানে সক্ষম দক্ষ মানবসম্পদ তৈরির জন্য বিশ্ববিদ্যালয়ে শিক্ষা ও গবেষণা কার্যক্রমকে সর্বাধুনিক বৈজ্ঞানিক অগ্রগতির সাথে সামঞ্জস্যপূর্ণ করে তোলার চলমান উদ্যোগ অব্যাহত রাখা হবে।

২. গবেষণা প্রকল্প গ্রহণ ও পরিচালনায় টেকসই উন্নয়ন চাহিদাকে সামনে রেখে বিভিন্ন চাপ-সহিষ্ণু ফসলজাত ও ব্যবস্থাপনা প্রযুক্তি উদ্ভাবনার ওপর সমধিক গুরুত্বদান করা হবে এবং উদ্ভাবিত প্রযুক্তি মাঠ পর্যায়ে দ্রুত হস্তান্তরের উদ্যোগ নেয়া হবে।

৩. বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের কর্মদক্ষতা বৃদ্ধির জন্য পেশাগত প্রশিক্ষণ দানের ওপর বিশেষ জোর দেয়া হবে।

৪. জাতীয় অ্যাক্রেডিটেশন কাউন্সিল (NAC) এ যুক্ত হওয়ার লক্ষ্যে দেশের কৃষি উন্নয়ন চাহিদার সাথে সামঞ্জস্য বিধান করে এ বিশ্ববিদ্যালয়ের স্নাতক পর্যায়ে সকল অনুষদের কোর্স-কারিকুলাম পুনর্বিন্যাস করা হবে।

৫. বাংলাদেশ খাদ্য নিরাপত্তা কর্তৃপক্ষের (BFSA) চাহিদা অনুযায়ী দক্ষ বিজ্ঞানী ও কর্মকর্তা সরবরাহের জন্য বিশ্বখাদ্য সংস্থার (FAO) সহায়তায় এ বিশ্ববিদ্যালয়ে স্নাতক পর্যায়ে চার বছর মেয়াদি ডিগ্রী কোর্স প্রদানের ব্যবস্থা নেয়া হচ্ছে।

৬. বিশ্ববিদ্যালয়ের শিক্ষা-প্রশাসন সহ সার্বিক প্রশাসনিক ব্যবস্থায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য ই-গর্ভন্যান্স সিস্টেম গড়ে তোলার উদ্যোগ নেয়া হবে।

৭. ক্যাম্পাসের নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে আইপি ক্যামেরা স্থাপনের যে সিদ্ধান্ত গৃহীত হয়েছে, তা বাস্তবায়নের কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হবে।

৮. বিভিন্ন ল্যাব ও রিসার্চ-ল্যাবকে আধুনিক বৈজ্ঞানিক যন্ত্রপাতি ও সরঞ্জামাদিতে সমৃদ্ধ করার প্রচেষ্টা জোরদার করা হবে।

৯. বার্ষিক কর্মসম্পাদনের মূল্যায়ন নিয়মিতকরণসহ বিগত বছরসমূহের তথ্য সংবলিত একটি সমন্বিত বার্ষিক রিপোর্ট প্রণয়ন ও প্রকাশের ব্যবস্থা নেয়া হবে।

উপক্রমণিকা (Preamble)

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর এর প্রতিনিধি হিসেবে
রেজিস্ট্রার, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ

এবং

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাননীয় চেয়ারম্যান এর প্রতিনিধি হিসেবে
সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

এর মধ্যে **২০১৭ সালের ফেব্রুয়ারি মাসের ১৪ তারিখে** এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরদানকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন ঃ

সেকশন-১

ময়মনসিংহে অবস্থিত বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ ও কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

দেশের খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে দক্ষ কৃষিবিদ, কৃষিবিজ্ঞানী, প্রযুক্তিবিদ তৈরি ও সরবরাহ করা।

১.২ অভিলক্ষ্য (Mission)

কৃষিবিজ্ঞানের সকল শাখায় গুণগত মানসম্মত ও যুগোপযোগী উচ্চতর শিক্ষাসহ গবেষণা, প্রযুক্তি উদ্ভাবন, হস্তান্তর এবং প্রশিক্ষণের ব্যবস্থা ও দ্বিপাক্ষিক সহযোগিতামূলক উদ্যোগ গ্রহণ করা।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

১.৩.১ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. বিশ্ববিদ্যালয়ের কোর্স-কারিকুলাম যুগোপযোগী করার মাধ্যমে একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় এবং উন্নত বিশ্বের সাথে প্রতিযোগিতায় টিকে থাকার লক্ষ্যে বিজ্ঞান ও প্রযুক্তি ভিত্তিক দক্ষ কৃষিবিদ, কৃষিবিজ্ঞানী, প্রযুক্তিবিদ তৈরি করা।

২. বিশ্ববিদ্যালয়ে জাতীয় চাহিদার আলোকে নতুন নতুন জ্ঞান-বিজ্ঞান ও প্রযুক্তি সম্পর্কিত বিষয়াদি কারিকুলামে অন্তর্ভুক্ত করা।

৩. বিশ্ববিদ্যালয়কে কৃষি শিক্ষা ও গবেষণার উৎকর্ষ কেন্দ্র হিসেবে উন্নীতকরণের মাধ্যমে প্রশিক্ষিত ও দক্ষ মানবসম্পদ সৃষ্টি এবং দেশের খাদ্য নিরাপত্তা ও পুষ্টি পরিস্থিতির সার্বিক উন্নয়নে কার্যকর অবদান রাখা।

৪. প্রতিযোগিতামূলক বিশ্বব্যবস্থার উপযোগী গবেষণা পরিচালনা, প্রযুক্তি উদ্ভাবন ও হস্তান্তর, প্রশিক্ষণ ও সম্প্রসারণকে একটি মজবুত ভিত্তির ওপর স্থাপন করা।

৫. বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের জন্য দেশে ও বিদেশে উচ্চতর প্রশিক্ষণের সুবিধা বৃদ্ধি এবং শিক্ষা ও গবেষণা ক্ষেত্রে অধিকতর উন্নয়নের জন্য জাতীয় ও আন্তর্জাতিক প্রতিষ্ঠান ও সংস্থার সঙ্গে দ্বিপাক্ষিক/বহুপাক্ষিক ও যৌথ সহযোগিতামূলক কার্যক্রম গ্রহণ করা।

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন

২. প্রযুক্তি উদ্ভাবন ও সম্প্রসারণের মাধ্যমে সেবার মানোন্নয়ন

৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন

৪. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন

৫. শিক্ষা-প্রশাসনসহ প্রশাসনিক ও আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

১.৪ কার্যাবলি (Functions)

১. কৃষি সংশ্লিষ্ট বিজ্ঞানের সকল শাখায় কোর্স-সেমিস্টার ভিত্তিক স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে যুগোপযোগী, উন্নত ও মানসম্মত শিক্ষা কার্যক্রম কোর্স পরিচালনা এবং গবেষণা ভিত্তিক পিএইচ.ডি পর্যায়ের শিক্ষা কার্যক্রম পরিচালনা, পরীক্ষা গ্রহণ, ডিগ্রী প্রদান ও প্রয়োজনীয় ক্ষেত্রে অধিভুক্তি (affiliation) প্রদান করা।

২. বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ, ইনস্টিটিউট ও অধিভুক্ত প্রতিষ্ঠানের বার্ষিক কর্মসম্পাদনের অভ্যন্তরীণ মূল্যায়ন করা।

৩. বিশ্ববিদ্যালয়ের অবকাঠামোগত উন্নয়ন, সংস্কার ও সংরক্ষণমূলক কার্যক্রম পরিচালনাসহ অধিকতর উন্নয়নের জন্য স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি সমন্বিত পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করা।

৪. জাতীয় ও আন্তর্জাতিক চাহিদার প্রতিফলন ঘটিয়ে বিশ্ববিদ্যালয়ের সকল প্রকল্প-গবেষণা, সম্প্রসারণ ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা।

৫. বিশ্ববিদ্যালয়ের সকল পর্যায়ে বার্ষিক কর্মসম্পাদন ও অর্জনের অভ্যন্তরীণ মূল্যায়ন প্রথা চালু করা এবং বার্ষিক কর্মসম্পাদনের মূল্যায়ন সংবলিত রিপোর্ট প্রকাশের ব্যবস্থা গ্রহণ।

৬. শিক্ষা, গবেষণা ও ব্যবস্থাপনায় গতিবেগ সঞ্চারের লক্ষ্যে উচ্চতর প্রশিক্ষণ সুবিধার বিস্তার সাধনের মাধ্যমে দক্ষ মানবসম্পদ তৈরি করা।

৭. বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণার গুণগতমান উন্নয়নের লক্ষ্যে জাতীয় অ্যাক্রেডিটেশন কাউন্সিলের চাহিদা অনুযায়ী আত্মমূল্যায়ন (Self-assessment), ভোক্তা-মূল্যায়ন (Consumers' assessment) ও অভ্যন্তরীণ মূল্যায়ন প্রথা চালু করা।

৮. শিক্ষা ও গবেষণার সুবিধা বৃদ্ধির লক্ষ্যে সর্বাধুনিক সুবিধা সংবলিত গবেষণাগার, গবেষণা ফার্ম, ওয়ার্কশপ ও গ্রন্থাগারকে অধিকতর সমৃদ্ধ করা।

৯. বিশ্ববিদ্যালয়ের বিপুল কর্মকাণ্ড পরিকল্পিতভাবে পরিচালনার জন্য উন্নয়ন ও রেকারিং খাতে প্রয়োজনীয় সরকারি অনুদান চাহিদা নিরূপণসহ অভ্যন্তরীণ আয় বৃদ্ধির উদ্যোগ গ্রহণ।

১০. পরিবেশ বিপর্যয় ও প্রাকৃতিক দুর্যোগে আপৎকালীন জরুরি কৃষি সংশ্লিষ্ট সেবা ও সহায়তা প্রদান।

১১. বিভিন্ন পর্যায়ে ও বিভিন্ন অবয়বে সম্প্রসারণ ও জাতিগঠনমূলক কার্যক্রম সংগঠন ও তত্ত্বাবধানসহ সরকারি ও বেসরকারি কর্মকর্তা এবং আদর্শ চাষীদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের লক্ষ্যে উদ্ভাবিত কৃষি প্রযুক্তি হস্তান্তর ও হাতে-কলমে প্রশিক্ষণ দান।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর মহোদয়ের প্রতিনিধি হিসেবে আমি, রেজিস্ট্রার, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ -- বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান মহোদয়ের প্রতিনিধি হিসেবে আমি, সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা -- বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত ঃ

....

রেজিস্ট্রার

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ

১৪ ফেব্রুয়ারি, ২০১৭

তারিখ

....

সচিব

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

১৪ ফেব্রুয়ারি, ২০১৭

তারিখ

সেকশন-২

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা, প্রশিক্ষণ ও সম্প্রসারণ কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator)	একক (Unit)	প্রকৃত **		লক্ষ্যমাত্রা ২০১৬-১৭	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র (Source of Data)
			২০১৪-১৫	২০১৫-১৬		২০১৭-১৮	২০১৮-১৯		
১. স্নাতক পর্যায়ে ছাত্র-ছাত্রী ভর্তির হার	বৃদ্ধির হার	শতাংশ	১০ (১১০০)	২০.০১ (১২০১)	২০.০২ (১২০২)	২২ (১২২০)	২৩ (১২৩০)	বিমক ও বাকৃবি'র ছয়টি অনুষদ	বিমক-এ প্রেরিত বিশ্ববিদ্যালয়ের বার্ষিক প্রতিবেদন ও বাজেট চাহিদার রিপোর্ট
২. স্নাতকোত্তর পর্যায়ে ছাত্র-ছাত্রী ভর্তির হার	বৃদ্ধির হার	শতাংশ	১৩.৫% (৯৪৭)	-০.৪% (৮৩১)	৭.৫৫% (৮৯৭)	৭.৯% (৯০০)	১১.৫% (৯৩০)	বিমক ও বাকৃবি'র উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটির তত্ত্বাবধানে সংশ্লিষ্ট শিক্ষা বিভাগ ও ইনস্টিটিউট	বিমক-এ প্রেরিত বিশ্ববিদ্যালয়ের বার্ষিক প্রতিবেদন ও বাজেট চাহিদার রিপোর্ট
৩. পিএইচ.ডি পর্যায়ে ছাত্র-ছাত্রী ভর্তির হার	বৃদ্ধির হার	শতাংশ	৪৬.৯% (৭২)	২৪.৫% (৬১)	-৮.২% (৪৫)	২০% (৫০)	২২.৪% (৬০)	বিমক ও বাকৃবি'র উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটির তত্ত্বাবধানে সংশ্লিষ্ট শিক্ষা বিভাগ	বিমক-এ প্রেরিত বিশ্ববিদ্যালয়ের বার্ষিক প্রতিবেদন ও বাজেট চাহিদার রিপোর্ট
৪. স্নাতক, স্নাতকোত্তর ও পিএইচ.ডি ডিগ্রীধারী হার	* বৃদ্ধির হার	শতাংশ	-৭.৯% (১২১১)	০.৯% (১৩২৬)	-৬.৭% (১২৬০)	২.৭% (১৩৫০)	৬.৫% (১৪০০)	বিমক ও বাকৃবি	বিমক-এ প্রেরিত বিশ্ববিদ্যালয়ের প্রতিবেদন ও বাজেট চাহিদার রিপোর্ট
৫. পেশাগত ডিপ্লোমা ডিগ্রী কোর্সে ভর্তির হার	বৃদ্ধির হার	শতাংশ	১৭% (৫৫)	১২.৮% (৫৩)	২.১% (৪৮)	১৭% (৫৫)	২৭.৬% (৬০)	বিমক ও বাকৃবি'র পিজিডি -ইন-আইসিটি এবং আইসিএফ	বিমক-এ প্রেরিত বিশ্ববিদ্যালয়ের বার্ষিক প্রতিবেদন ও বাজেট চাহিদার রিপোর্ট
৬. উচ্চ শিক্ষায় ছাত্রী ভর্তির হার ***	বৃদ্ধির হার	শতাংশ	৫.৪% (৮৭৭)	৩.২% (৮৫০)	৯.৬% (৯৪০)	২.২% (৯৬০)	২.২% (৯৬০)	বিমক ও বাকৃবি'র ছয়টি অনুষদ এবং উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটি	বিমক-এ প্রেরিত বিশ্ববিদ্যালয়ের বার্ষিক প্রতিবেদন ও বাজেট চাহিদার রিপোর্ট

* এ বিশ্ববিদ্যালয় থেকে প্রদত্ত ডিগ্রী পেশাগত ডিগ্রী। স্নাতকোত্তর ও পিএইচ.ডি পর্যায়ে ভর্তির আসন নির্ধারিত নয়। এছাড়া, একজন শিক্ষার্থী স্নাতক পর্যায়ে নির্ধারিত সেমিস্টারের চেয়ে অতিরিক্ত ছয় সেমিস্টার, স্নাতকোত্তর পর্যায়ে নির্ধারিত সেমিস্টারের চেয়ে অতিরিক্ত দুই সেমিস্টার এবং পিএইচ.ডির ক্ষেত্রে নির্ধারিত সময়ের চেয়ে অতিরিক্ত তিন বৎসর সময় ডিগ্রী সম্পন্ন করার সুবিধা ভোগ করে থাকেন। ফলে বিভিন্ন কোর্সে সেমিস্টার সংখ্যা ও সময়ের তারতম্য হেতু সংশ্লিষ্ট বর্ষে পরীক্ষার ফলাফলে তার প্রতিফলন ঘটে থাকে।

** বন্ধনীভুক্ত সংখ্যা দ্বারা প্রকৃত সংখ্যা বোঝানো হয়েছে।

*** সংশ্লিষ্ট শিক্ষাবর্ষে ভর্তিকৃত ছাত্র সংখ্যার অনুপাতে ছাত্রী সংখ্যা এবং অব্যবহিত পূর্ববর্তী বছরের তুলনায় বৃদ্ধির হার শতাংশে প্রদর্শিত।

সেকশন-৩

কৌশলগত উদ্দেশ্যসমূহ, কার্যাবলি ও কর্মকৃতির নির্দেশকসমূহ এবং লক্ষ্যমাত্রাসমূহ

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যর মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্ম-সম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যসমূহ/নির্ণায়ক ২০১৬-১৭ (Target/Criteria Value for FY 2016-17)					প্রক্ষেপণ (Projection) 2017-18	প্রক্ষেপণ (Projection) 2018-19
						২০১৪-১৫	২০১৫-১৬	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
১. উচ্চতর কৃষি শিক্ষার আধুনিকায়নসহ সার্বিক মানোন্নয়ন	৮০	১.১ নতুন ইনস্টিটিউট/সেন্টার চালুকরণ	১.১.১ ইনস্টিটিউট/সেন্টার	সংখ্যা	২	১	১	*	-	-	-	-	২	-
		১.২ নতুন বিভাগ চালুকরণ	১.২.১ বিভাগ	সংখ্যা	৩	-	-	১	-	-	-	-	২	-
		১.৩ কারিকুলাম, কোর্স ও সিলেবাস যুগোপযোগীকরণ	১.৩.১ কোর্স ও সিলেবাস	সংখ্যা	৫	১	-	২	১	-	-	-	৫	২
		১.৪ বিভিন্ন বিভাগ, রিসার্চ-ল্যাব, ফিল্ড ল্যাব ও ওয়ার্কশপে যন্ত্রপাতি ও সরঞ্জামাদি সরবরাহ	১.৪.১ যন্ত্রপাতি ও সরঞ্জাম	সংখ্যা	৫	১৬৮	৭৬	৭৮	৭৫	৭২	৭০	৬৫	৭৮	৮০
		১.৫ স্নাতকোত্তর ও পিএইচ.ডি পর্যায়ে গবেষণা পরিচালনা	১.৫.১ ডিগ্রী গবেষণা পরিচালনা	সংখ্যা	৫	৬০২	৭৯০	৮০০	৭৪৮	৭২০	৭০০	৬৮০	৮০০	৮২০
		১.৬ গ্রন্থাগার সমৃদ্ধকরণ	১.৬.১ বই ও জার্নাল	সংখ্যা	৩	১৩৬৭	১২৭৯	১৪১৮	১৪০০	১৩৮০	১৩৫০	১৩২০	১৪১৮	১৪২৫
		১.৭ শিক্ষাতিরিক্ত কার্যক্রম পরিচালনা	১.৭.১ ক্রীড়া, সাহিত্য-সংস্কৃতি ও অন্যান্য	সংখ্যা	২	৮	৯	১০	৯	৮	৭	৬	১০	১২
২. গবেষণার মানোন্নয়ন ও প্রযুক্তি উদ্ভাবন		২.১ নতুন প্রকল্প গবেষণা পরিচালনা	২.১.১ নতুন প্রকল্প	সংখ্যা	৫	২২৬	২৭৫	২৮০	২৭৫	২৭০	২৬৫	২৬০	২৮০	২৮৫
		২.২ প্রযুক্তি উদ্ভাবন	২.৩.১ প্রযুক্তি	সংখ্যা	৫	৪৪	৫৩	৬৩	৬০	৫৭	৫২	৫০	৬৬	৭২
৩. প্রশিক্ষণ ও মানবসম্পদ উন্নয়ন		৩.১ ফাউন্ডেশন ট্রেনিংসহ চাকুরিকালীন ও চাকুরিপূর্ব প্রশিক্ষণ	৩.১.১ প্রশিক্ষণ	সংখ্যা	১০	৪১	৩৭	৩৭	৩৫	৩২	৩০	২৮	৪০	৪০
৪. সম্প্রসারণও প্রযুক্তি হস্তান্তর কর্মসূচির উন্নয়ন		৪.১ প্রযুক্তি হস্তান্তরমূলক সম্প্রসারণ কর্মসূচি পরিচালনা	৪.১.১ প্রযুক্তি হস্তান্তর	সংখ্যা	৫	১২	১১	১২	১১	১০	৯	৮	১৩	১৪

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যর মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্ম-সম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যসমূহ/নির্ণায়ক ২০১৬-১৭ (Target/Criteria Value for FY 2016-17)					প্রক্ষেপণ (Projection) 2017-18	প্রক্ষেপণ (Projection) 2018-19
						২০১৪-১৫	২০১৫-১৬	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
৫. অবকাঠামোগত সংস্কার, নির্মাণ ও উন্নয়ন	৮০ (ধারাবাহিক)	৫.১ ভৌত অবকাঠামো সংস্কার ও নির্মাণ	৫.১.১ অবকাঠামো	সংখ্যা	৫	৪৫	০৬	**	-	-	-	-	০৯	০৪
		৫.২ বিভিন্ন হল, অফিস ও ক্লাসরুমের জন্য আসবাবপত্র সরবরাহ	৫.২.১ আসবাবপত্র	সংখ্যা	৪	৩৯০	১৫০০	১৬০০	১৫৫০	১৫০০	১৪৫০	১৪০০	১৬০০	১৬০০
		৫.৩ পরিবহণ ব্যবস্থার উন্নয়ন	৫.৫.১ পরিবহণ	সংখ্যা	২	৬	৩	৩	২	১	-	-	৪	৫
		৫.৪ বোটানিক্যাল গার্ডেন ও জার্মপ্লাজম সেন্টার সমৃদ্ধকরণ	৫.৬.১ সংযোজন	সংখ্যা	২	৮০	৯২	২০৬	২০০	১৯০	১৮০	১৭৫	২১০	২২০
		৫.৫ কৃষি ও মৎস্য মিউজিয়াম সমৃদ্ধকরণ	৫.৭.১ সংযোজন	সংখ্যা	২	২৩৫	১৪৫	১৬৫	১৬০	১৫৫	১৫০	১৪৫	১৮০	১৯০
৬. কর্মকৃতি মূল্যায়ন, তথ্য সংরক্ষণও প্রকাশনা		৬.১ IQAC এর মাধ্যমে একাডেমিক ও প্রশাসনিক কর্মসম্পাদনের ত্রৈমাসিক ও বার্ষিক মূল্যায়ন	৬.১.১ মূল্যায়ন	সংখ্যা	৫	১৮	১৮	১৯	১৮	১৭	১৬	১৫	২০	২২
		৬.২ বার্ষিক রিপোর্ট প্রকাশ নিয়মিতকরণ	৬.৩.১ বার্ষিক রিপোর্ট	সংখ্যা	৫	১	১	১	১	১	১	১	২	২
৭. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন		৭.১ অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রম উন্নয়ন	৭.১.১ নিষ্পন্নকৃত আপত্তি	সংখ্যা	৫	-	৬২	৭৪	৭০	৬৮	৬৫	৬২	৭৫	৭৭

* ২০১৬-১৭ সনে নতুন কোন ইনস্টিটিউট চালু হয় নাই।

** ২০১৬-১৭ সনে ভৌত অবকাঠামো উন্নয়ন খাতে কোন সরকারি বরাদ্দ পাওয়া যায়নি।

সংযোজনী -১

অ্যাক্রোনিম-এর তালিকা

শব্দসংক্ষেপ (অ্যাক্রোনিম)		*বিবরণ*
Ag	:	এগ্রিকালচার
Ag. Econ.	:	এগ্রিকালচারাল ইকনমিক্স
Ag. Engg.	:	এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং
AH	:	এনিম্যাল হাজবেন্ড্রি
AIF	:	একাডেমিক ইনোভেশন ফান্ড
BAUEC	:	বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় সম্প্রসারণ কেন্দ্র
BAURES	:	বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় রিসার্চ সিস্টেম
BdREN (বিডিরেন)	:	বাংলাদেশ রিসার্চ এ্যান্ড এডুকেশন নেটওয়ার্ক
BFRI	:	বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
BFSA	:	বাংলাদেশ খাদ্য নিরাপত্তা কর্তৃপক্ষ
BINA	:	বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট
BSc	:	ব্যাচেলর অভ্ সায়েন্স
BSERT	:	আর্থ-সামাজিক গবেষণা ও প্রশিক্ষণ ব্যুরো
CASR	:	উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটি
CRP	:	পক্ষাঘাতগ্রস্তদের পুনর্বাসন কেন্দ্র
DVM	:	ডক্টর অভ্ ভেটেরিনারি মেডিসিন
FAO	:	বিশ্ব খাদ্য সংস্থা
Food Engg.	:	ফুড ইঞ্জিনিয়ারিং
GTI	:	গ্র্যাজুয়েট ট্রেনিং ইনস্টিটিউট
HARDI	:	হাওর কৃষি গবেষণা ও চর উন্নয়ন ইনস্টিটিউট
HEMIS (হেমিস)	:	হায়ার এডুকেশন ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম
HEQEP (হেকেপ)	:	হায়ার এডুকেশন কোয়ালিটি এনহ্যান্সমেন্ট প্রজেক্ট
IADS	:	ইনস্টিটিউট অভ্ এগ্রিবিজনেস অ্যান্ড ডেভেলপমেন্ট স্টাডিজ
ICF	:	ইন্টার-ডিসিপ্লিনারি সেন্টার ফর ফুড সিকিউরিটি
ICT	:	ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সেল
IP Camera	:	ইন্টারনেট প্রটোকল ক্যামেরা
IQAC	:	ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুইরেন্স সেল
MS	:	মাস্টার অভ্ সায়েন্স
NAC	:	জাতীয় অ্যাক্রেডিটেশন কাউন্সিল
PGD- in-ICT	:	পোস্টগ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন আইসিটি
PhD	:	ডক্টর অভ্ ফিলসফি
TTO	:	টেকনোলজি ট্রান্সফার অফিস
বাকৃবি	:	বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
বিমক	:	বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

সংযোজনী -২

কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ।

ক্রমিক নং	কর্মসম্পাদন সূচকসমূহ	বিবরণ	বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা	পরিমাপ পদ্ধতি ও উপাত্তসূত্র	সাধারণ মন্তব্য
১	ভৌত অবকাঠামো উন্নয়ন	ছাত্রী হল নির্মাণ ও সুসজ্জিতকরণ, ল্যাব, ফিল্ড ল্যাব, খামার, লাইব্রেরি সমৃদ্ধকরণ, পুরাতন স্থাপনা সংস্কার ও উন্নয়ন	বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়	বিমক-এ প্রেরিত বিশ্ববিদ্যালয়ের বার্ষিক প্রতিবেদন ও বার্ষিক বাজেট বই	
২	নতুন ইনস্টিটিউট/শিক্ষা বিভাগ চালুকরণ	হাওর কৃষি গবেষণা ও চর উন্নয়ন ইনস্টিটিউট সহ খাদ্য নিরাপত্তা বিষয়ক ডিগ্রী কোর্স প্রদানকল্পে একটি বিভাগ চালুর জন্য প্রয়োজনীয় ভৌত অবকাঠামো, জনবল, শিক্ষা ও গবেষণা সংশ্লিষ্ট সুবিধাদি প্রদান	বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়	বিমক-এ প্রেরিত বিশ্ববিদ্যালয়ের বার্ষিক প্রতিবেদন ও বার্ষিক বাজেট বই	
৩	ক্যাম্পাস অটোমেশন ও ডিজিটাইজেশন	বিশ্ববিদ্যালয়ের শিক্ষা-প্রশাসনসহ প্রশাসনিক ও আর্থিক ব্যবস্থাপনাকে ডিজিটাল ব্যবস্থার আওতার নিয়ে আসা এবং বিশ্ববিদ্যালয়ের তথ্যভাণ্ডার সমৃদ্ধ করা	বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়	বিমক-এ প্রেরিত বিশ্ববিদ্যালয়ের বার্ষিক প্রতিবেদন ও বার্ষিক বাজেট বই	
৪	শিক্ষা ও গবেষণার গুণগত মান বৃদ্ধি এবং যুগোপযোগী প্রযুক্তি উদ্ভাবন ও হস্তান্তর	বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা, প্রযুক্তি উদ্ভাবন ও হস্তান্তর, প্রশিক্ষণ ও সম্প্রসারণকে জাতীয় চাহিদার উপযোগীকরণ	বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়	বিমক-এ প্রেরিত বিশ্ববিদ্যালয়ের বার্ষিক প্রতিবেদন ও বার্ষিক বাজেট বই	

সংযোজনী ৩ ঃ অন্য মন্ত্রণালয়/ বিভাগের নিকট সুনিদিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

প্রতিষ্ঠানের ধরন	প্রতিষ্ঠানের নাম	সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক	উক্ত প্রতিষ্ঠনের সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের চাহিদা	চাহিদা/ প্রত্যাশার যৌক্তিকতা	উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদার মাত্রা উল্লেখ করুন	প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব
১. স্বায়ত্তশাসিত	বিমক ও শিক্ষা মন্ত্রণালয়	অবকাঠামো	পূর্ত কাজ	নতুন ভবন নির্মাণ/সম্প্রসারণ, পুরাতন স্থাপনা সংস্কার, উন্নয়ন	৯০%	বাজেট স্বল্পতা
২. স্বায়ত্তশাসিত	বিমক ও শিক্ষা মন্ত্রণালয়	উচ্চতর শিক্ষা ও গবেষণার বরাদ্দ বৃদ্ধি	শিক্ষা ও গবেষণার উন্নয়ন ও যুগোপযোগীকরণ	গবেষণার ক্ষেত্র সম্প্রসারণ ও গুণগত মান উন্নয়ন	৯০%	বাজেট স্বল্পতা
৩. স্বায়ত্তশাসিত	বিমক ও শিক্ষা মন্ত্রণালয়	পরিবহণ সুবিধা বৃদ্ধি	নতুন গাড়ি ক্রয়, সংরক্ষণ ও মেরামতি	শিক্ষা ও প্রশাসনিক কাজে গতিশীলতা সঞ্চার	৯০%	বাজেট স্বল্পতা

দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

পরিশিষ্ট-খ

কলাম-১	কলাম-২	কলাম-৩	কলাম-৪		কলাম-৫	কলাম-৬				
কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যর মান (Weight of strategic Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI)	লক্ষ্যমাত্রার মান (২০১৬-১৭) Target Value(2016-17)				
						অসাধারণ (Excellent)	অতি উত্তম (Very Good)	উত্তম (Good)	চলতি মান (Fair)	চলতি মানের নিম্নে (Poor)
						১০০%	৯০%	৮০%	৭০%	৬০%
দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন	৬	২০১৬-১৭ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল	নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রনারয়ে দাখিল	তারিখ	১	১৯ মে	২২ মে	২৪ মে	২৫ মে	২৬ মে
		মাঠপর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর	নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত	তারিখ	১	২৬-৩০ জুন	-	-	-	-
		২০১৫-১৬ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল	নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	১	১৪ জুলাই	১৭ জুলাই	১৮ জুলাই	১৯ জুলাই	২০ জুলাই
		২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ	**ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত**	সংখ্যা	১	৪	৩	২	-	-
		২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল	নির্ধারিত তারিখে অর্ধবাষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	১	২২ জানুয়ারি	২৩ জানুয়ারি	২৪ জানুয়ারি	২৫ জানুয়ারি	২৬ জানুয়ারি
		বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তদের প্রণোদনা প্রদান	বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা	সংখ্যা	১	৩	২	১	-	-
দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন	৩	সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন	প্রশিক্ষণের সময়	জনঘন্টা	১	৬০	৫৫	৫০	৪৫	৪০
		জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ণ	২০১৬-১৭ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠমো প্রণীত দাখিলকৃত	তারিখ	১৫ জুলাই	৩১ জুলাই	-	-	-	-
			নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবিক্ষণ প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	১	৪	৩	২	-	-
তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য	২	তথ্য বাতায়ন হালনাগাদকরণ	তথ্য বাতায়ন হালনাগাদকৃত	%	১	প্রতি মাসের ১ম সপ্তাহ	প্রতি মাসের ২য় সপ্তাহ	প্রতি মাসের ৩য় সপ্তাহ	-	-

কলাম-১	কলাম-২	কলাম-৩	কলাম-৪		কলাম-৫	কলাম-৬				
কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যর মান (Weight of strategic Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI)	লক্ষ্যমাত্রার মান (২০১৬-১৭) Target Value(2016-17)				
						অসাধারণ (Excellent)	অতি উত্তম (Very Good)	উত্তম (Good)	চলতি মান (Fair)	চলতি মানের নিম্নে (Poor)
						১০০%	৯০%	৮০%	৭০%	৬০%
প্রকাশ বাস্তবায়ন		বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ	বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত	তারিখ	১	১৫ অক্টোবর	২৯অক্টোবর	১৫ নভেম্বর	৩০ নভেম্বর	১৫ ডিসেম্বর
কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন	৫	ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন	দপ্তর/সংস্থার ই-ফাইলিং প্রবর্তিত	তারিখ	১	২৮ফেব্রুয়ারি	৩০মার্চ	৩০এপ্রিল	৩১মে	২৯জুন
		পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ	পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারিকৃত	%	১	১০০	৯০	৮০	-	-
		সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন	দপ্তর/সংস্থার কমপক্ষে একটি অনলাইন সেবা চালুকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	২৮ ফেব্রুয়ারি	-	-
			দপ্তর/সংস্থার কমপক্ষে ৩ টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	২৮ ফেব্রুয়ারি	-	-
		অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন	নিষ্পত্তিকৃত অভিযোগ	%	১	৯০	৮০	৭০	৬০	৫০
কর্ম পরিবেশ উন্নয়ন	৩	অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন রাখা	নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন	তারিখ	১	৩০ নভেম্বর	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	-	-
		সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (Waiting room) এর ব্যবস্থা করা	নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত	তারিখ	১	৩০ নভেম্বর	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	-	-
		সেবার মান সম্পর্কে সেবাগ্রহীদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা	সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত	তারিখ	১	৩০ নভেম্বর	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	-	-
আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন	১	অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন	বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত	%	১	৫০	৪৫	৪০	৩৫	৩০